গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সরিষাবাড়ী, জামালপুর।
www.sarishabari.jamalpur.gov.bd

উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর এর এপ্রিল ২০২২ খ্রিঃ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ-

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গিয়াস উদ্দিন পাঠান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী
স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম। তারিখ ঃ ১৩-০৪-২০২২খ্রিঃ,
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'।

শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সবাইকে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে বিনা সংশোধনীতে অনুমোদিত হয়। অতঃপর নিম্নলিখিত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা কৃষি বিভাগ	চলতি বোরো মৌসুমে ১৮৬২৫ হেক্টর জমিতে বোরো আবাদ হয়েছে। মাঠের অবস্থা সন্তোষজনক। মাঠে পাট, গ্রীষ্মকালীন ভূট্টা, গ্রীষ্মকালীন সবজী রোপন চলমান। ২০২১-২২ অর্থ বছরে ভর্তুকির আওতায় বোরো মৌসুমে ০৮ টি কম্বাইন হারভেষ্টার, ০১ টি রিপার, ০৪ টি সিডার, ০১ টি পাওয়ার থ্রেসার, ০১ টি মেইজ শেলার ১৫ জন আবেদনকৃত কৃষকের অনুকূলে বরাদ্দ দেওয়া হয়েছে। খরিপ-১/২০২২-২৩ মৌসুমে উফশী ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রান্তিক ও ক্ষুদ্র ৪৭০ জন কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হবে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলমান।	উপজেলা চেয়ারম্যান বলেন, মাঠে সার্বক্ষণিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে।	উপজেলা কৃষি অফিসার।
০২	উপজেলা স্বাস্থ্য বিভাগ	ক. উপজেলা স্বাস্থ্য বিভাগ স্বভাবিক কার্যক্রম অব্যহত রয়েছে ইতিমধ্যে মেডিসিন এবং অর্থপেডিক্স বিষযক ২ জন বিশেষজ্ঞ চিকিৎসক জুনিয়র কনসালটেন্ট পদে যোগাদান করেছেন । কোভিড ১৯ ভ্যাক্সিনেশনের ১ম ও ২য় ডোজের জাতীয় লক্ষ্যমাত্রা ৭০ শতাংশ অর্জনে উপজেলা স্বাস্থ্য বিভাগ সরিষাবাড়ী সক্ষম হয়েছে (১২-০৪-২০২২ তারিখ পর্যন্ত ১ম ডোজ ৭০.৫৪% এবং ২য় ডোজ ৭০.০৭%)বুষ্টার টিকা কার্যক্রম বেগবান করা হয়েছে । বেসরকারি ক্লিনিক এবং ডায়গনষ্টিক সেন্টারগুলোর বৈধ কাগজপত্র এবং অনুমোদন পর্যালোচনা করা হচ্ছে এবং ১০-০৪-২২ তারিখ মোবাইল কোর্ট পরিচালিত হয়েছে ।	ক. শুন্য পদ পুরণ হয়েছে এবং কর্মস্থলে যোগদান করেছেন । খ. কোভিড ১৯ ভ্যাক্সিনেশনের টিকা কার্যক্রম অব্যহত আছে ।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সরিষাবাড়ী।
০৩	উপজেলা প্রাণি সম্পদ অফিসার।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় বলেন, গবাদি পশু ও হাঁস-মুরগীর বিভিন্ন সংক্রামক রোগের টিকা প্রদান গবাদি প্রাণি = ২৯১৬৬ মাত্রা হাঁস-মুরগীর ৫,০৭,৪০০ মাত্রা টিকা প্রদান করা হয়েছে এবং গবাদি প্রাণি = ২৩,৯৫০ ও হাঁস-মুরগী = ২,৭৭,০৮০ চিকিৎসা প্রদান করা হয়েছে।প্রশিক্ষণ-৮৮৭ জন, কৃত্রিম প্রজনন-৬৩২৪ টি, বাচ্চা উৎপাদন-২২৩৭টি, রাজস্ব আদায়- টিকা ১,৫৯৪৩৫/-, কৃত্রিম প্রজনন-১৮৯,৭২০/- বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	ক. বিভিন্ন ভাইরাস জনিত রোগের প্রার্দূভাব রোধে খামারীদের সতর্কতা মূলক উঠান বৈঠক ও লিফলেট বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে ।	ক. উপজেলা প্রাণি সম্পদ অফিসার।

ক্রঃনং	বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০৪	সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ	পয়লা নভেম্বর/২০২১ হতে ৩০ জুন/২০২২ পর্যন্ত জাটকা নিষিদ্ধ সময়কালের অংশ হিসেবে বাজার মনিটরিং, মোবাইল কোর্ট/ অভিযান করা প্রয়োজন। ০২। ২০২১-২২ অর্থবছরে "ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা" শীর্ষক প্রকল্পের আওতায় মা ইলিশ সংরক্ষণ / জাটকা কার্যক্রম বাস্তবায়নে জগন্নাথগঞ্জ ঘাটের ২নং জেটিতে জেলেদের নিয়ে সচেতনতামূলক সভার আয়োজন করা হয়। ০৩। ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তিসেবা সম্প্রসারণ প্রকল্পের আওতায় আরডি/ এফএফদের মোট ৩৬ জন মৎস্যচাষিকে প্রশিক্ষণ প্রদান। ০৩। অত্র উপজেলার পৌরসভা/বিভিন্ন ইউনিয়ন হতে অত্র দপ্তরে অফিসে আগত ১০ জন মৎস্য চাষিদের মাছ চাষ বিষয়ে পরামর্শ প্রদান। ০৪। দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	ক. পয়লা নভেম্বর/২০২১ হতে ৩০ জুন/২০২২ পর্যন্ত জাটকা নিষিদ্ধ সময়কালের অংশ হিসেবে বাজার মনিটরিং এবং অভিযান/মোবাইল কোর্ট করা প্রয়োজন।	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার।
০৫	উপজেলা প্রকৌশল বিভাগ	ক. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ADP এর ১ম, ২য়ও ৩য় কিস্তির বরাদ্দ পাওয়া গিয়াছে । প্রকল্প বাছাই এর কাজ চলমান । এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে ।	ক. সরিষাবাড়ী,উপজেলা প্রকৌশলী সভায় বলেন, , ADP এর ১ম, ২য়ও ৩য় কিস্তির বরাদ্দ পাওয়া গিয়াছে । প্রকল্প বাছাই এর কাজ চলমান দ্রুতশেষ করতে হবে ।	উপজেলা প্রকৌশলী, এলজিইডি।
০৬	উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ।	গত ০২ মার্চ,২০২২ খ্রিঃ তারিখ হতে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়/বেসরকারি প্রাথমিক বিদ্যালয়/কিন্ডারগার্টেন/প্রাথমিক বিদ্যালয়ে স্ব-শরীরে সকল শ্রেণিতে স্বাভাবিক পাঠদান শুরু হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক গত ১৫ মার্চ,২০২২ হতে প্রাক-প্রাথমিক শ্রেণির পাঠদান দীর্ঘ দুই বছর পর শুরু হয়। দীর্ঘদিন বন্ধ থাকার কারণে বিদ্যালয়ে শিক্ষার্থী উপস্থিতি আশাব্যঞ্জক না হওয়ায় সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মা সমাবেশ অনুষ্ঠানের নির্দেশনা দেওয়া হয়। এপ্রেক্ষিতে যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র ছাত্রীর সংখ্যা অধিক সে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণিভিত্তিক মা সমাবেশের আয়োজন করে। এছাড়াও শিক্ষকগণ উপস্থিতি বৃদ্ধির জন্য নিয়মিত হোম ভিজিট করছেন। সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় যথাযথভাবে নির্দেশনা মোতাবেক মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন করেন। তাছাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাপ্ত বরাদ্দের মাধ্যমে উন্নয়নমূলক কাজগুলো চলমান রয়েছে। বিদ্যালয়ের পরিস্কার-পরিচ্ছন্নতা, বিদ্যালয়ের সম্পদ রক্ষণাবেক্ষণ করার জন্য শিক্ষকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও জমির তথ্য হালনাগাদ করণ এবং সীমানা চিহ্নিতকরণ, উন্নয়ন কার্যক্রম শতভাগ বাস্তবায়ন এবং শিক্ষার্থী ও অভিভাবকদের সার্থে যোগাযোগ অব্যাহত রাখতে শিক্ষকগণকে নির্দেশ দেওয়া হয়েছে। দপ্তরের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান আছে ।	ক. গত ০২ মার্চ,২০২২ খ্রিঃ তারিখ হতে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়/বেসরকারি প্রাথমিক বিদ্যালয়/কিন্ডারগার্টেন/প্রাথমিক বিদ্যালয়ে স্ব-শরীরে সকল শ্রেণিতে স্বাভাবিক পাঠদান শুরু হয়েছে।	ক. উপজেলা শিক্ষা অফিসার।
০৭	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ।	ক. পবিত্র রমযান মাসে শিক্ষা প্রতিষ্ঠান সমূহ চালূ আছে । আগামী ২০ এপ্রিল -২০২২ তারিখ পর্যন্ত ক্লাস চালূ থাকবে আগামী ১৯ এপ্রিল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের অংশগ্রহণে সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা উপজেলাস্থ সরিষাবাড়ী রানী দিনমনি মডেল উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে ।	ক. পবিত্র রমযান মাসে শিক্ষা প্রতিষ্ঠান সমূহ চালূ আছে । আগামী ২০ এপ্রিল -২০২২ তারিখ পর্যন্ত ক্লাস চালূ থাকবে । UGDP এর অধীন উপজেলাস্থ মাধ্যমিক পর্যায়ে	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।

ক্রং	বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		UGDP এর অধীন উপজেলাস্থ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান শিক্ষকদের ৬ দিন ব্যাপী ডিজিটাল কন্টেন্ট তৈরী বিষয়ক প্রশিক্ষণ সফল ভাবে সমাপ্ত হয়েছে ।এছাড়া দাপ্তিরিক অন্যান্য কার্যক্রম যথানিয়মে পরিচালিত হচ্ছে ।	বিজ্ঞান শিক্ষকদের ৬ দিন ব্যাপী ডিজিটাল কন্টেন্ট তৈরী বিষয়ক প্রশিক্ষণ সফল ভাবে সমাপ্ত হয়েছে	
০৮	উপজেলা সমাজসেবা অফিস।	উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত অসচ্ছল প্রতিবন্ধী ভাতার ২০২১-২২ অর্থ বছরের অতিরিক্ত বরাদ্দসহ নিয়মিত বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাভাতা, এবংঅসচ্ছল প্রতিবন্ধী ভাতার ২০২১-২২ অর্থ বছরের ৩য় কিস্তি জানুয়ারি -২০২২ হতে মার্চ - ২০২২ পযন্ত পে-রোল প্রেরণ করা হয়েছে । ১৫ এপ্রিল - ২০২২ এরপর থেকে অর্থ স্বস্ব –হিসাবে আসা শুরু করবে । তিনি আরও জানান, প্রতি সপ্তাহে একদিন সময় নিদিষ্ট করে ইউনিয়নে ভাতা ভোগীদের সেবা প্রদান করবেন ইউনিয়ন পরিষদের চেরাম্যান গনের সার্বিক সহযোগিতা করা জন্য অনুরোধ জানান। প্রতিবন্ধী ব্যক্তির শনাক্ত করণ জরিপ কার্যক্রম চলমান রয়েছে। প্রতি বুধবার সকাল ১০:০০ ঘটিকা থেকে দুপুর ১:০০ ঘটিকা পযন্ত জরিপ কাজ অনুষ্ঠিত হয়। তিনি জানান যে, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর কর্তৃক আয়োজিত, স্থানীয় সরকার বিভাগ ও জাপান আন্তর্জাতিক সহয়তা সংস্থা (জাইকা) এর সহয়তায় ১০ দিন ব্যাপী (২২-০৩-২০২২ খ্রি. হতে ০৩-০৪-২০২২ খ্রি.) শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের জীবন মান উন্নয়নে মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি সম্পন্ন হয়েছে । পল্লী সমাজসেবা কার্যক্রম (আর,এস,এস) পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি) এসিডদগ্ধ প্রতিবন্ধী পুনবাসন কার্যক্রম চলমান আছে। ক্যান্সার ,কিডনি, জন্মগত হৃদ রোগ, স্ট্রোকে প্যারালাইড, থ্যালাসেমিয়া ও লিভার সিরোসিসে আক্রান্ত রোগীদের এককালীন অনুদান প্রাপ্তির নিমিত্ত অনলাইনে আবেদন করতে হবে। অনলাইন আবেদনে রহার্ড কপি প্রয়োজনীয় কাগজ সংযুক্ত করে আবেদন উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা দেওয়ার জন্য সংশ্লিষ্টদের জমা প্রদান করতে হবে। এছাড়া ও অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে।	ক. সকল প্রকার ভাতা বিতরণের কাজ সুষ্টভাবে সম্পন্ন করতে হবে এবং বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা, এবং অস্বচ্ছল প্রতিবন্ধী, ভাতাভোগী যথাযথ নিয়মে দ্রুত প্রতিস্থাপন করতে হবে। এছাড়া ক্যান্সার ,কিডনি, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইড, থ্যালাসেমিয়া ও লিভার সিরোসিসে আক্রান্ত রোগীদের এককালীন অনুদান প্রাপ্তির নিমিত্ত অনলাইনে আবেদন করতে উপজেলা সমাজসেবা অফিসে যোগাযোগের জন্য ।	ক.উপজেলা সমাজসেবা অফিসার।
০৯	উপজেলা সমবায় অফিস	উপজেলা সমবায় অফিসার সভায় জানান, সমবায় সমিতি সমূহের অডিট সম্পাদন চলতি মাসে ১০৯, মোট সম্পাদন ১২৬৬, সমবায় সমিতি সমুহের পরিদর্শন চলতি মাসে-৮ টি, মোট সম্পাদন ২৩ টি, সমবায় বিষয়ক প্রশিক্ষণ প্রদান ৮ জন,অডিট সেস আদায় ১১২০/- মোট সম্পাদন ১৪২১০/- ,সমবায় উন্নয়ন তাহবিল আদায় ৫৫৬/- মোট সম্পাদন ৪৭৭৪/-, সমবায় সমিতি সমূহের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ১৫টি, মোট সম্পাদন ৩৮ টি, সমবায় সমিতি সমূহের নির্বাচন অনুষ্ঠান চলতি মাসে- ০৪টি, মোট সম্পাদন ১৫ টি, সমবায় সমিতি তদারকী করন চলতি মাসে-৯ টি, মোট সম্পাদন ২৪ টি,সমবায় সমিতি নিবন্ধন প্রদান চলতি মাসে ১টি মোট ১২ টি. দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় ৯৮,০০০/-/- মোট সম্পাদন ৯,১৪,০০০/- আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় চলতি মাসে- ৩০০/-, মোট সম্পাদন ২১/-, সমবায়ীদের অবহিত করন সভা অনুষ্ঠান চলতি মাসে- টি মোট সম্পাদন - ৪ টি। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।	ক. সমবায়ীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন প্রদান করে, সক্ষমতা অর্জনের জন্য গুরুত্ব প্রদান করা হয় । এবং মাঠে ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে।	উপজেলা সমবায় অফিসার, সরিষাবাড়ী ।